

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন অধিশাখা।
www.mopa.gov.bd

নথি নং-০৫.০০.০০০০.১২১.০২৬.০৪.১৩(অংশ-১)-৫৯

তারিখ : ২৮ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

প্রেরক : মালেকা খায়রুল্লাহা
উপ-সচিব

প্রাপক : হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।
(সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো)।

বিষয় : প্রেষণ/মাঠ প্রশাসন/প্রকল্পে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় সম্পর্কিত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৪ (সংশোধিত) অনুযায়ী প্রেষণ/মাঠ প্রশাসন/প্রকল্পে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত কোন কর্মকর্তার সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা থাকলে উক্ত কর্মকর্তার নিজ গাড়ি সচল রাখার প্রয়োজনে মেরামত/সংরক্ষণ, জ্বালানী, ড্রাইভারের বেতন ইত্যাদি বাবদ নীতি ১০ (১) অনুযায়ী গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়ের ৩৫% অর্থ সংশ্লিষ্ট সংস্থা/অফিস হতে প্রাপ্য হবেন। সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা না থাকলে সংশ্লিষ্ট দপ্তর প্রধানের সুপারিশসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ছাড়পত্র প্রদানের পর ১০০% গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন। ১০০% রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্ত কর্মকর্তা অফিসে যাতায়াত বা অন্য কোন কাজের জন্য কোনভাবেই কর্মস্থলের গাড়ি ব্যবহার করবেন না।

২। এ আদেশ ০১/০৭/২০১৪ তারিখ হতে কার্যকর হবে। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

Handwritten Signature

(মালেকা খায়রুল্লাহা)
উপ-সচিব
ফোন নং- ৯৫৫৬০১০

নথি নং-০৫.০০.০০০০.১২১.০২৬. ০৪.১৩(অংশ-১)-৫৯/১(৩)

তারিখ : ২৮ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

জারীকৃত মঞ্জুরী আদেশের ০৩ (তিন) কপি অর্থ বিভাগের বাস্তবায়ন অধিশাখা-১ অধিশাখায় প্রেরণ করা হ'ল। ০১টি কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা এবং ০১(এক) কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো। এ প্রসঙ্গে অর্থ বিভাগের বাস্তবায়ন অধিশাখা-১ শাখার ১৫/০৯/২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০১০.১২-২০৬ নং স্মারক দ্রষ্টব্য।

Handwritten Signature

(মালেকা খায়রুল্লাহা)
উপ-সচিব
ফোন নং- ৯৫৫৬০১০

চলমান পাতা/২

নথি নং-০৭.০০.০০০০.১৬১.০০.০১০.১২-

তারিখ :/২০১৫ খ্রিঃ

অনুলিপি হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেশুনবাগিচা, ঢাকার নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।


উপ-সচিব
বাস্তবায়ন অধিশাখা-১
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নথি নং-০৫.০০.০০০০.১২১.০২৬. ০৪.১৩(অংশ-১)-৫৯/৩(৫০)

তারিখঃ ২৮ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। সকল সিনিয়র সচিব/সচিব,
.....
- ২। যুগ্ম-সচিব, বাজেট ব্যবস্থাপনা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।
- ৬। গার্ড ফাইল।



(মালেকা খায়রুল্লাহা)
উপ-সচিব
ফোন নং- ৯৫৫৬০১০